বাঁধন চুয়াডাঙ্গা সরকারি কলেজ ইউনিটের বার্ষিক সাধারণ সভা অনুষ্ঠিত

চুয়াডাঙ্গায় সেচ্ছায় রক্তদাতাদের সংগঠন বাঁধন চুয়াডাঙ্গা সরকারি কলেজ ইউনিটের(পদ্মা জোন) বার্ষিক সাধারণ সভা ও দায়িত্ব হস্তান্তর অনুষ্ঠিত হয়েছে।

আজ সোমবার চুয়াডাঙ্গা সরকারি কলেজের ব্যবসায় প্রশাসন ভবনের হল রুমে সকাল দশটার সময় বার্ষিক সাধারণ সভা ও দায়িত্ব হস্তান্তরের আয়োজন করা হয়।

বাঁধন চুয়াডাঙ্গা সরকারি কলেজ ইউনিটের কার্যকরী পরিষদ-২০২৩ এর সভাপতি আজিজুর রহমানের সভাপতিত্বে অনুষ্ঠানে স্বাগত বক্তব্য প্রদান করেন বাঁধন চুয়াডাঙ্গা সরকারি কলেজ ইউনিটের দপ্তর সম্পাদক হাসিবুল হাসান।

অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন চুয়াডাঙ্গা সরকারি কলেজের অধ্যক্ষ প্রফেসর ড. এ, কে, এম সাইফুর রশীদ। এ সময় প্রধান অতিথির বক্তব্যে তিনি বলেন, মানবতার আরেক নাম বাঁধন। বর্তমান সময়ে এবং করোনা কালীন মহামারিতে মানুষ যখন নিজের জীবন নিয়ে হিমসিম খেয়েছে সেখানে বাঁধনের কর্মীরা এগিয়ে গেছে মানুষের জীবন বাঁচাতে রক্ত নিয়ে । বাঁধন সংগঠনের মাধ্যমে যেমন মানুষ নিঃস্বার্থভাবে রক্ত দিয়ে থাকে তেমনি বাঁধন সংগঠনের মাধ্যমে সাধারণ মানুষ ফ্রী রক্ত পরিক্ষার মাধ্যমে নিজ নিজ রক্তের গ্রুপ জানতে পারছে। কখনো মানুষকে রক্ত দিয়ে কখনো রক্ত সংগ্রহ করে কখনো গরীব মানুষের মাঝে ঈদ সামগ্রী এবং শীতকালে শীতবস্ত্র বিতরণের মাধ্যমে ইতিমধ্যে দেশের ভিতরে নজীর রেখে চলছে বাঁধন সংগঠন।এ সময় তিনি আরও বলেন,তোমরা ক্যাম্পাসকে পড়ালেখার পাশাপাশি সামাজিক ও মানবিক কেন্দ্র হিসেবে গড়ে তুলবে। বিগত বছরগুলো বাঁধন চুয়াডাঙ্গা সরকারি কলেজ ইউনিট জেলা বাসীর রক্ত দিয়ে মানবিকতার মাধ্যমে যেমন সেবা দিয়েছে তেমনি নতুন কমিটি মাধ্যমে বিগত বছর থেকে অধিক পরিমাণ সেবা পেতে পারে এই জন্য কার্যকরী পরিষদ-২০২৪ এর নতুন কমিটিকে তিনি আহবান জানান এবং সকলকে ফুলেল শুভেচ্ছা জানান।

একের রক্ত অন্যের জীবন রক্তই হোক আত্মার বাঁধন এই স্লোগান কে

সামনে রেখে ১৯৯৭ সালে সংগঠনটি প্রতিষ্ঠিত হয়। বাঁধন কেন্দ্রীয় কমিটি, জোন, ইউনিট, স্বতন্ত্র ইউনিট, পরিবার ধাপে ধাপে সাজিয়ে উঠেছে সমগ্রিক সংগঠনটি। এই বছরের বাঁধন চুয়াডাঙ্গা সরকারি কলেজ ইউনিটের (পদ্মা জোন) বার্ষিক সাধারণ সভা ও দায়িত্ব হস্তান্তর অনুষ্ঠানে সভাপতি আমিনুল ইসলাম ও সাধারণ সম্পাদক মিকাইল হোসেন এর নাম ঘোষণা করা হয় এবং জোনাল প্রতিনিধি হিসেবে আজিজুর রহমানের নাম ঘোষণা করা হয়।

বার্ষিক সাধারণ সভা ও দায়িত্ব হস্তান্তর অনুষ্ঠানে মিকাইল হোসেনের প্রাণবন্ত উপস্থাপনায় অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন চুয়াডাঙ্গা সরকারি কলেজ শিক্ষক পরিষদের সম্পাদক সহযোগী অধ্যাপক নজরুল ইসলাম বাঁধন চুয়াডাঙ্গা সরকারি কলেজের শিক্ষক উপদেষ্টা সহযোগী অধ্যাপক সফিকুল ইসলাম, সহযোগী অধ্যাপক মতিউর রহমান, সহযোগী অধ্যাপক দেলোয়ার হোসাইন, সহকারী অধ্যাপক হাফিজুর রহমান। ছাত্র উপদেষ্টা হিসাবে উপস্থিত ছিলেন সজিবুল ইসলাম এ সময় আরও উপস্থিত ছিলেন হাফিজ, টুটুল, আজিজ, আমিনুল, মিকাইল, জাহিদ, হাসিবুল, রাসেল, সামিউল, শামীম, টনিক, ফিরোজ, তানিয়া, শাহনাজ, আশিক, মর্তুজা, রাব্বি, শিশির, শারমিন, সোহেল, রিয়াদ, রাকিব, মুসলিমা, তুহিন, রাজিব, সুমি, সানজিদা, অনিত, মৌসুমি, মেঘলা সহ বাঁধন সংগঠনের কর্মীবৃন্দ।